গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশল অধিদপ্তর
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-

তারিখ ঃ ২৫ অগ্রহায়ণ ১৪৩০
১০ ডিসেম্বর ২০২৩

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১১ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আব্দুল লতিফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সম্পর্কিত সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। বিবিধ।

১০/১২/২৩

(আসিফ ইকবাল রাজীব)
উপজেলা প্রকৌশলী
ও সদস্য সচিব
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

.......................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

## পরিশিষ্ট- "ক"

### অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সভার তারিখ: ১১|১২|২০২৬

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুল লতিফ | ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সভাপতি | |
| ২ | মোঃ হারুন অর রশীদ | চেয়ারম্যান<br>ফুলবাড়ী সদর ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৩ | মোঃ শরীফুল আলম মিয়া | চেয়ারম্যান<br>শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৪ | মোঃ নাসির উদ্দিন | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৫ | আসিফ ইকবাল রাজীব | উপজেলা প্রকৌশলী<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | ১১|১২|২৬ |

# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিষয় ঃ অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ আব্দুল লতিফ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

তারিখ ঃ ১১ ডিসেম্বর ২০২৩ খ্রি.

স্থান ঃ উপজেলা প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

সময় ঃ বেলা ০৩.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট- "ক" তে দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরনী পাঠ করে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়ায় উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী ও সদস্য-সচিব, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটিকে আহবান জানানো হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয়-১ ঃ অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত সার্বিক বিষয় নিয়ে আলোচনা | | |
|---|---|---|
| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| সভায় ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম জানান যে, উপজেলা পরিষদের স্টোরে পরিত্যাক্ত ৩টি মটর সাইকেল, ১টি জেনারেটর রয়েছে। যা নিলামের মাধ্যমে বিক্রয় করা প্রয়োজন এবং ঐ গুলির আনুমানিক মূল্য টাকা=৩৫,০০০/- মাত্র হতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হলো এবং সভায় উপজেলা প্রকৌশলী'কে নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হলো।<br>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৮.০৪৫.১৪.১৫৭ তারিখ-১৭/১০/২০২১খ্রিঃ তারিখ মূলে কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন প্রজাতির ৩৮(আটত্রিশ)টি জীবিত গাছ কর্তন ও নিলামে বিক্রয়ের অনুমতি দেয়া হয়েছে। এই প্রেক্ষিতে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের স্থলে বিভিন্ন প্রজাতির ১২(বার)টি জীবিত গাছ পূর্বে নিলামে বিক্রয় করা হয়েছে। অবশিষ্ট গাছ গুলির মধ্যে আরও ১২(বার)টি গাছ যার সরকারি মূল্য টাকা=১৬২০০০/- মাত্র পরিষদের অভ্যন্তরের সৌন্দর্য বৃদ্ধির জন্য নিলামের মাধ্যমে বিক্রয় করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হলো এবং সভায় উপজেলা প্রকৌশলী'কে ১২(বার)টি গাছ নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হলো। | ১) বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(২) নিম্নবর্ণিত প্রকল্পসমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ও দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| সভায় ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনে ব্যবহারের জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যান কক্ষে ১ সেট সোফা, উপজেলা নির্বাহী অফিসারের কক্ষে ১ সেট সোফা উপজেলা রাজস্ব তহবিল হতে ক্রয় করা যেতে পারে এবং পুরাতন আসবাবপত্র সমূহ মেরামত করা যেতে পারে। এ বিষয়ে সভায় আলোচনা অনুষ্ঠিত হলো। সভায় উপজেলা রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/- এবং মেরামত বাবদ = ৫০,০০০/- সহ মোট=৩,৫০,০০০/- টাকার মধ্যে কোটেশনের মাধ্যমে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হলো এবং উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | সভায় উপজেলা রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/- এবং মেরামত বাবদ =৫০,০০০/-সহ মোট=৩,৫০,০০০/- টাকার মধ্যে কোটেশনের মাধ্যমে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হলো। | |

(পাতা চলমান)

পরিশেষে, সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ আব্দুল লতিফ)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও সভাপতি
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-

তারিখ ঃ ২৬ অগ্রহায়ণ ১৪৩০ / ১২ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। চেয়ারম্যান, ..................................... ইউপি, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। জনাব ......................................................, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫। অফিস কপি।

১২।১২।২৩
(আসিফ ইকবাল রাজীব)
উপজেলা প্রকৌশলী
ও সদস্য সচিব
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।